গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জনপ্রশাসন মন্ত্রণালয়
সিপি-৩ শাখা
www.mopa.gov.bd

নং ০৫.০০.০০০০.১৯৭.০৫.০০৪.১৯- ৭৮৭

তারিখ : ০৬ অগ্রহায়ণ ১৪২৬ বঙ্গাব্দ
২১ নভেম্বর ২০১৯ খ্রিস্টাব্দ

বিষয় : বিভাগীয় শহরে 'ইনোভেশন শোকেসিং-২০২০' আয়োজন।

জনগণের দোর গোড়ায় সরকারি সেবা নিশ্চিত করা, সেবার মান বৃদ্ধি, সেবাকে অধিকতর জনবান্ধব করা, জনপ্রশাসনে কাজের গতিশীলতা আনয়ন, উদ্ভাবনী দক্ষতা বৃদ্ধি, নাগরিক সেবা দ্রুত ও সহজীকরণের পন্থা উদ্ভাবন ও চর্চার লক্ষ্যে মন্ত্রিপরিষদ বিভাগ কর্তৃক বার্ষিক উদ্ভাবন কর্মপরিকল্পনা ও বাস্তবায়ন অগ্রগতি মূল্যায়ন কাঠামো প্রণয়ন করা হয়েছে। উক্ত কাঠামো অনুসরণ করে জনপ্রশাসন মন্ত্রণালয় ২০১৯-২০ অর্থবছরে একটি উদ্ভাবন পরিকল্পনা প্রণয়ন করেছে। এ মন্ত্রণালয়ের বার্ষিক উদ্ভাবন কর্মপরিকল্পনা বাস্তবায়নের লক্ষ্যে ইনোভেশন শোকেসিং এবং শোকেসিং-এর মাধ্যমে রেপ্লিকেশনযোগ্য উদ্ভাবনী উদ্যোগসমূহ নির্বাচনপূর্বক তা আঞ্চলিক/জাতীয় পর্যায়ে বাস্তবায়নের বাধ্যবাধকতা রয়েছে।

২। সে পরিপ্রেক্ষিতে, মাঠ পর্যায়ের শ্রেষ্ঠ উদ্ভাবনী উদ্যোগসমূহ নিয়ে বিভাগীয় শহরে আগামী ২০২০ সালের জানুয়ারি মাসের মধ্যে ০২ (দুই) দিনব্যাপী ইনোভেশন শোকেসিং অনুষ্ঠান আয়োজনের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ এবং এ সংক্রান্ত ২(দুই) দিনের একটি অনুষ্ঠানসূচি চূড়ান্তভাবে তৈরি করে এ মন্ত্রণালয়কে অবহিত করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

৩। উল্লেখ্য, চূড়ান্ত কর্মসূচি প্রাপ্তি সাপেক্ষে মন্ত্রণালয় হতে একটি প্রতিনিধি দল প্রতিটি বিভাগের ইনোভেশন শোকেসিং কার্যক্রম পরিদর্শন করবেন।

সংযুক্তি : গাইড লাইন-১(এক) ফর্দ।

(মোঃ মাহবুব হাসান শাহীন)
উপসচিব
ফোন: ৯৫৮৮৬৬১
cp3@mopa.gov.bd

বিভাগীয় কমিশনার
.... (সকল)।

নং ০৫.০০.০০০০.১৯৭.২৯.০০৫.১৯- ৭৮৭

তারিখ : ০৬ অগ্রহায়ণ ১৪২৬ বঙ্গাব্দ
২১ নভেম্বর ২০১৯ খ্রিস্টাব্দ

অনুলিপি : সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে

১. অতিরিক্ত সচিব, জেলা ও মাঠ প্রশাসন অনুবিভাগ, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
২. অতিরিক্ত সচিব (এপিডি), জনপ্রশাসন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
৩. অতিরিক্ত সচিব (সিপিটি), জনপ্রশাসন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
৪. যুগ্মসচিব (বাজেট ব্যবস্থাপনা), জনপ্রশাসন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
৫. জেলা প্রশাসক -- (সকল)
৬. সচিবের একান্ত সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয় (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)
৭. সিস্টেম এনালিস্ট, পিএসিসি, জনপ্রশাসন মন্ত্রণালয় (ইনোভেশন কর্ণারে আপলোড করার অনুরোধসহ)।

(মোঃ মাহবুব হাসান শাহীন)
উপসচিব

D:\Shahid-19\File-004.19.docx

এটুআই কর্তৃক প্রাপ্ত নির্দেশনা

কেন শোকেসিং?

- উদ্ভাবন প্রকল্পসমূহের রেপ্লিকেশন, স্কেলআপ, বৃহত্তর পাইলটিং এর সম্ভাব্যতা/যোগ্যতা যাচাই;
- উদ্ভাবন লার্নিং জার্নির শিখন পর্যালোচনা এবং পাইলটিং উদ্যোগের পরবর্তী কর্মপরিকল্পনা নির্ধারণ;
- মন্ত্রণালয়/অধিদপ্তর/মাঠপর্যায়ের উদ্ভাবন, বেস্ট প্রাকটিসগুলি একত্রিভূত করা এবং দৃষ্টান্তগুলি সারাদেশে ছড়িয়ে দেয়া;
- উদ্ভাবনী প্রকল্পসমূহের বাস্তব অবস্থা উর্ধ্বতন কর্তৃপক্ষকে গোচরীভূত করা।
- সম্ভাবনাময় ইনোভেটর চিহ্নিত করা;
- উদ্ভাবককে উদ্ভাবনের জন্য স্বীকৃতির পথ উন্মোচন।

ইনোভেশন শোকেসিং আয়োজনের ধাপ

শোকেসিং আয়োজনের জন্য সার্বিক কার্যক্রম বিবেচনায় প্রধানত ৩টি ধাপ অনুসরণ করা হয় :

- শোকেসিং পূর্ব;
- শোকেসিং কালীন; এবং
- শোকেসিং পরবর্তী কার্যক্রম।

শোকেসিং পূর্ব কার্যক্রমসমূহ

- উদ্ভাবনী পাইলট প্রকল্প প্রাথমিকভাবে চিহ্নিতকরণ (মাঠপর্যায় এবং মন্ত্রণালয়/অধিদপ্তরের উদ্ভাবনী উদ্যোগ);
- নির্ধারিত উদ্ভাবনী পাইলট প্রকল্প বাস্তবায়নকারী কর্মকর্তাদের সাথে বিভাগীয় পর্যায়ে সভা এবং অগ্রগতি উপস্থাপন;
- শোকেসিং আয়োজনের জন্য ফোকাল পার্সন নির্ধারণ, টিম গঠন, প্রতিনিধিদের সাথে সভা; শোকেসিং এর ভেন্যু ও তারিখ, অংশগ্রহণকারী/উদ্ভাবক এবং সম্ভাব্য অতিথি নির্ধারন;
- শোকেসিং এর বাজেট তৈরি ও অনুমোদন;
  পাইলট প্রকল্প বাস্তবায়নকারী কর্মকর্তাদের অধিদপ্তর থেকে দাপ্তরিক পত্র/আমন্ত্রণপত্র প্রদান;
- ভেনুর সাউন্ড সিস্টেম সহ সমস্ত উপকরণ (ব্যানার,আর্ট পেপার, পোস্ট ইট নোট,সিগনেচার পেন,মার্কার, গ্লু স্টিক, ফ্লিপ চার্ট,পোস্টার পেপার, ভিপ কার্ড, কালার পেপার, ডিসপ্লে বোর্ড, মাসকিন ট্যাপ, স্কচ ট্যাপ ইত্যাদি), নিশ্চিত করা;
- শোকেসিং ইভেন্টের আউট লাইন/প্রোগ্রাম সূচী চূড়ান্ত;
- অংশগ্রহণকারিদের নিকট সার্ভে মাংকি লিংক (ইনোভেশন লার্নিং জার্নি পর্যালোচনার জন্য) এবং শোকেসিং প্রস্তুতি বিষয়ক পত্র;

- অংশগ্রহণকারিদের জন্য সাপোর্ট ডকুমেন্ট তৈরি করা (ওয়ান পেজার, অন্যান্য) ;
- মন্ত্রণালয় হতে ২/৩ জন রিসোর্স পারসন চূড়ান্ত করা;
- অতিথিদের ফলোআপ এবং উপস্থিতি নিশ্চিতকরণ;
- উদ্ভাবনী আইডিয়া ভিত্তিক ক্যাটাগরি চূড়ান্ত এবং সারসংক্ষেপ তৈরি;
- অতিথিবৃন্দের জন্য ওয়াপেজার/টকিং পয়েন্ট চূড়ান্ত;
- ওয়াল শোকেসিং এর জন্য মেন্টর কর্ণার, ইনোভেশন কর্ণার ও উদ্ভাবন লার্নিং জার্নির সারসংক্ষেপ তৈরি।

শোকেসিংকালীন কার্যক্রম মূলত ২টি পর্বে বিভক্ত - উদ্ভাবনী পর্ব,শোকেসিং প্রস্তুতি ও প্রদর্শন, শিখন পর্যালোচনা এবং সমাপনী পর্ব

- অতিথিদের অভ্যর্থনা এবং অংশগ্রহনকারিদের রেজিস্ট্রেশন সম্পন্ন করা;
- শিডিউল অনুযায়ী সেশন পরিচালনা করা;
- সার্ভে মাংকি এর মাধ্যমে শিখন পর্যালোচনা;
- ক্যাটাগরিভিত্তিক উদ্যোগের ওয়ালওয়ার্ক প্রদর্শনের জন্য প্রস্তুতি ও আইডিয়া ভিত্তিক গ্রুপ তৈরি;
- সেক্টরাল এক্সপার্ট কর্তৃক ওয়ালওয়ার্ক পরিদর্শন ও ফিডব্যাক প্রদান;
- ইনভেশন অফিসার এর জন্য প্রথম পর্বের সার সংক্ষেপ সম্বলিত পাওয়ার পয়েন্ট তৈরি করা;
- অতিথিবৃন্দ কর্তৃক ওয়ালওয়ার্ক পরিদর্শন ও ফিডব্যাক প্রদান;
- রেপ্লিকেশন সম্ভাব্যতা যাচাই , সন্নিবেশকরন ও সার সংক্ষেপ প্রস্তুত;
- চিফ ইনোভেশন অফিসার কর্তৃক অতিথিবৃন্দের নিকট শোকেসিং এবং রেপ্লিকেশন সার সংক্ষেপ উপস্থাপন;
- অতিথিবৃন্দ কর্তৃক শোকেসিং এর ওয়ালওয়ার্ক প্রদর্শন;
- মুক্ত আলোচনা ও সমাপনি অনুষ্ঠান ।

শোকেসিং পরবর্তী ধাপ

- শোকেসিং শেষে রিভিউ মিটিং/ডি ব্রিফিং মিটিং/সমন্বয়সভা আয়োজন;
- উদ্যোগভিত্তিক সুনির্দিষ্ট কর্মপরিকল্পনা তৈরি এবং উদ্যোগ সমূহ নিয়মিত ফলোআপ করা;
- শোকেসিং কার্যবিবরণী.রেজুলেশন প্রস্তুত করা এবং অংশগ্রহণকারীদের নিকট প্রেরন নিশ্চিত করা;
- শোকেসিং এর প্রতিবেদন প্রস্তুত এবং মন্ত্রিপরিষদ বিভাগ, এটুআই প্রোগ্রাম ও সংশ্লিষ্ট কর্মকর্তাদের প্রেরণ;
- শোকেসিং শেষে স্কেলআপ (জাতীয় পর্যায়ে) এবং রেপ্লিকেশন উদ্যোগ বাস্তবায়নের জন্য পূর্ণাঙ্গ কর্ম-পরিকল্পনা করা;
- স্কেলআপ/রেপ্লিকেশন অগ্রগতি নিয়মিত ফলোআপ ও সমন্বয়;
- শোকেসিং ও মন্ত্রণালয়/অধিদপ্তর'র উদ্ভাবন নিয়ে বিশেষ প্রকাশনা করা যেতে পারে।

=======

মোঃ মাহবুব আলম শাহীন
উপসচিব
জনপ্রশাসন মন্ত্রণালয়
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার